

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২৫৫.১৩.

তারিখ : ২৯ কার্তিক, ১৪২৪
১৪ নভেম্বর, ২০১৭

প্রাপক,

সচিব,
বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)
ঢাকা।

বিষয় : শ্রীলংকা সফরের অনুমতি।

মহোদয়,

শ্রীলংকায় অনুষ্ঠিত South Asia Forum for Infrastructure Regulation (SAFIR)-এর উদ্যোগে "14th Executive Committee Meeting of SAFIR" এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)র চেয়ারম্যান জনাব মনোয়ার ইসলাম এবং সহকারী পরিচালক জনাব বেলায়েত হোসেনকে আগামী ২৫ নভেম্বর, ২০১৭ তারিখ ০১ (এক) দিন (যাতায়াত সময় ব্যতীত) শ্রীলংকা সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো।

২। শর্তাবলী নিম্নরূপ :

- (ক) তাঁদের যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- (খ) অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- (গ) বর্ণিত সফরকালীন তাঁদের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- (ঘ) বর্ণিত সফরে বিইআরসির চেয়ারম্যানের যাবতীয় ব্যয় কমিশনের ২০১৭-১৮ অর্থ বছরের বৈদেশিক ভ্রমণ খাত হতে নির্বাহ করা হবে। জনাব বেলায়েত হোসেন এর বিমান ভাড়া, স্থানীয় পরিবহন সুবিধা, থাকা খাওয়া আয়োজক সংস্থা হতে নির্বাহ করা হবে এবং প্রাধিকার অনুযায়ী অন্যান্য ব্যয় কমিশনের বৈদেশিক ভ্রমণ খাত হতে নির্বাহ করা হবে;

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,



(মোঃ শহিদুল ইসলাম)

উপ-সচিব


ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২৫৫.১৩. ২২০৬

তারিখ : ২৯ কার্তিক, ১৪২৪
১৪ নভেম্বর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। জনাব মনোয়ার ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারীর অনুরোধসহ)।
- ৩। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, শ্রীলংকা।
- ৪। মান্যবর রাষ্ট্রদূত, শ্রীলংকা দূতাবাস, ঢাকা।
- ৫। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৬। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৭। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৯। জনাব বেলায়েত হোসেন, সহকারী পরিচালক, বিইআরসি।
- ১০। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ/বিদ্যুৎ বিভাগ।
- ১১। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি), ঢাকা।
- ১২। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৩। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১৪। অফিস কপি।



(মোঃ শহিদুল ইসলাম)

উপ-সচিব